

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ৪৮৮২

কুমারঘাট, ১৬ ফেব্রুয়ারি, ২০২৪

**অল ইন্ডিয়া সেকেন্ডারি স্কুল এক্সামিনেশন  
লেদ্রাই দেওয়ান উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে ১০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা**

সিবিএসই পরিচালিত অল ইন্ডিয়া সিনিয়র সেকেন্ডারি সার্টিফিকেট (দ্বাদশ শ্রেণী) এবং অল ইন্ডিয়া সেকেন্ডারি স্কুল এক্সামিনেশন (দশম শ্রেণী) আজ থেকে মাছমারায় লেদ্রাই দেওয়ান উচ্চমাধ্যমিক বিদ্যালয়ে শুরু হয়েছে। চলবে আগামী ১ এপ্রিল, ২০২৪ পর্যন্ত। পরীক্ষার দিনগুলিতে শান্তি বজায় রাখতে পরীক্ষাকেন্দ্রের ১০০ মিটারের মধ্যে ১৪৪ ধারা জারি করা হয়েছে। কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এক বিজ্ঞপ্তিতে আরও জানিয়েছেন ১৪৪ ধারা পরীক্ষার দিনগুলিতে সকাল ৯টা থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত বলবৎ থাকবে। আদেশে বলা হয়েছে, পরীক্ষাকেন্দ্রের ১০০ মিটার এলাকার মধ্যে পরীক্ষার্থী, কর্মরত সরকারি কর্মচারি, পুলিশ ও অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থা ব্যতীত পাঁচ বা ততোধিক ব্যক্তি একসাথে জড়ো হতে পারবেন না। পরীক্ষাকেন্দ্রের আশপাশ এলাকায় পুলিশ, আইন প্রণয়নকারী সংস্থা ব্যতীত পরীক্ষার্থী সহ কোনও মানুষ অস্ত্র ও আগ্নেয়াস্ত্র বহন করতে পারবে না। এছাড়া পরীক্ষাকেন্দ্রের ১০০ মিটার এলাকার মধ্যে পরীক্ষা চলাকালীন সময়ে স্বরবর্ধক যন্ত্রণ্ড ব্যবহার করতে পারবে না।

\*\*\*\*\*